

# ■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৬৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১২৪১, ১২৪২]

২০/ জানাযা (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৭৮৬. কাফন পরানোর পর মৃত ব্যক্তির কাছে যাওয়া।

باب الدُّخُولِ عَلَى الْمَيِّتِ بَعْدَ الْمَوْتِ إِذَا أُدْرِجَ فِي كَفَنِهِ

### আরবী

حَدَّثَنَا بِشْرُ بْنُ مُحَمَّد، أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ، قَالَ أَخْبَرَنِي مَعْمَرٌ، وَيُونُسُ، عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَخْبَرَنِي أَبُو سَلَمَة، أَنَّ عَائِشَةَ ـ رضى الله عنها ـ زَوْجَ النَّبِيِّ صلى الله عليه وسلم أَخْبَرَتُهُ قَالَتْ أَقْبُلَ أَبُو بَكْرٍ ـ رضى الله عنه ـ عَلَى فَرَسِهِ مِنْ مَسْكَتِهِ بِالسُّنْحِ حَتَّى نَزَلَ فَدَخَلَ عَلَى عَائِشَةَ ـ رضى الله عنها ـ فَتَيَمَّ فَدَخَلَ الْمَسْجِدَ، فَلَمْ يُكَلِّمِ النَّاسَ، حَتَّى نَزَلَ فَدَخَلَ عَلَى عَائِشَةَ ـ رضى الله عنها ـ فَتَيَمَّ النَّبِيَّ صلى الله عليه وسلم وَهُو مُسَجَّى بِبُرْدِ حِبَرَةٍ، فَكَشَفَ عَنْ وَجْهِهِ، ثُمَّ أَكَبَّ عَلَيْهِ النَّبِيَّ صلى الله عليه وسلم وَهُو مُسَجًّى بِبُرْدِ حِبَرَةٍ، فَكَشَفَ عَنْ وَجْهِهِ، ثُمَّ أَكَبَّ عَلَيْهِ فَقَبَلُهُ ثُمَّ بَكَى فَقَالَ بِأَبِي أَنْتَ يَا نَبِيَّ اللَّهِ، لاَ يَجْمَعُ اللَّهُ عَلَيْكَ مَوْتَتَيْنِ، أَمَّا الْمَوْتَةُ الَّتِي كُتِبَتْ عَلَيْكَ مَوْتَتَيْنِ، أَمَّا الْمَوْتَةُ الَّتِي كُتِبَتْ عَلَيْكَ فَقَدْ مُتَهَا. قَالَ أَبُو سَلَمَةَ فَأَخْبَرَنِي ابْنُ عَبَّاسٍ ـ رضى الله عنهما ـ أَنَّ أَبَا كُتَبِتْ عَلَيْكَ مَوْتَتَيْنِ، فَقَالَ اجْلِسْ. فَأَبَى الله عنه ـ خَرَجَ وَعُمَرُ ـ رضى الله عنه ـ يُكَلِّمُ النَّاسَ. فَقَالَ اجْلِسْ. فَأَبَى الْبُو سَلَمَةً أَلُو بَكْرٍ ـ رضى الله عنه ـ فَمَالَ إِلَيْهِ النَّاسُ، وَتَرَكُوا عُمَرَ عَمْرَ عَلَيْ اللهُ عَنْهُ مَا يَلْهُ وَسَلَمُ قَالَ اللّهُ تَعَالَى (وَمَا عَمْرَ الله عَنْهُ مَنَّ النَّاسُ لَمْ يَكُونُوا يَعْلُمُونَ أَنَّ اللَّهُ أَنْولَ عَمْرَ النَّاسُ مُعُ بَشَرٌ إِلاَّ يَتْلُوهَا الْآيَاسُ، فَمَا يُسْمَعُ بَشَرٌ إِلاَّ يَتْلُوهَا الْآيَةُ مَتَّى اللّهُ مَنَّ يَالُهُ النَّاسُ مُعُ بَشَرٌ إِلاَّ يَتْلُوهَا الْآيَاسُ مُ عَلَى النَّاسُ مُ مُ يَكُونُوا يَعْلُمُونَ أَنَّ اللَّهُ أَنْولَ الْآيَاسُ مُ النَّاسُ مُ النَّاسُ مُ المُ يُلُومُ النَّاسُ مُعُ بَشَرٌ إِلاَّ يَتُلُوهَا الْآيَهُ النَّاسُ مُ النَّاسُ مُ النَّاسُ مُعُ بَشَرٌ إِلاَّ يَتُلُوهَا الْعَلَى الْوَلَا الْقَاسُ اللهُ عَنْ اللّهُ النَّاسُ مُ النَّاسُ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَلَى اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللهُ عَنْ اللّهُ النَّاسُ اللهُ عَنْ اللهُ عَنْ

#### বাংলা

১১৬৯। বিশ্র ইবনু মুহাম্মদ (রহঃ) ... আবূ সালামা (রহঃ) বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সহধর্মিণী আয়িশা (রাঃ) আমাকে বলেছেন, (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ওফাতের খবর পেয়ে) আবূ বক্র (রাঃ) 'সুন্হ'-এ অবস্থিত তাঁর বাড়ি থেকে ঘোড়ায় চড়ে চলে এলেন এবং নেমে মসজিদে প্রবেশ করলেন। সেখানে লোকদের সাথে কোন কথা না বলে আয়িশা (রাঃ) এর ঘরে প্রবেশ করে রাসূল সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম এর দিকে অগ্রসর হলেন। তখন তিনি একখানি 'হিবারাহ' ইয়ামানী চাঁদর দ্বারা আবৃত ছিলেন। আবৃ বক্র (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুখমণ্ডল উম্মুক্ত করে তাঁর উপর ঝুকে পড়লেন এবং চুমু খেলেন, তারপর কাঁদতে লাগলেন এবং বললেন, ইয়া নবী আল্লাহ! আমার পিতা আপনার জন্য কুরবান হোক। আল্লাহ আপনার জন্য দুই মৃত্যু একত্রিত করবেন না। তবে যে মৃত্যু আপনার জন্য নির্ধারিত ছিল তা তো আপনি কবুল করেছেন।

আবূ সালামা (রহঃ) বলেন, আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ) আমাকে খবর দিয়েছেন যে, (তারপর) আবূ বক্র (রাঃ) বেরিয়ে এলেন। তখন উমর (রাঃ) লোকদের সাথে কথা বলছিলেন। আবূ বক্র (রাঃ) তাঁকে বললেন, বসে পড়ুন। তিনি তা মানলেন না। আবূ বক্র (রাঃ) তাঁকে বললেন, বসে পড়ুন, তিনি তা মানলেন না। তখন আবূ বক্র (রাঃ) কালিমা-ই-শাহাদাতের দ্বারা (বক্তব্য) আরম্ভ করলেন। লোকেরা উমর (রাঃ)-কে ছেড়ে তাঁর দিকে আকৃষ্ট হন। আবূ বক্র (রাঃ) বললেন আম্মা বা'দু, তোমাদের মধ্যে যারা মুহাম্মদ এর ইবাদত করতে, মুহাম্মদ সত্যই ইন্তিকাল করেছেন। আর যারা মহান আল্লাহর ইবাদত করতে, নিশ্রুই আল্লাহ চিরঞ্জিব, অমর।

মহান আল্লাহ ইরশাদ করেনঃ(الوَمَا مُحَمَّدٌ إِلاَّ رَسُولٌ) إِلَى (الشَّاكِرِينِ) (الشَّاكِرِينِ) আর্থাৎ মুহাম্মদ একজন রাসূল মাত্র ..... শাকিরীন পর্যন্ত। (৩ ి ১১৪) আল্লাহর কসম, মনে হচ্ছিল যেন আবূ বক্র (রাঃ)-এর তিলাওয়াত করার পূর্ব পর্যন্ত লোকদের জানাই ছিল না যে, আল্লাহপাক এ আয়াত নাযিল করেছেন। এখনই যেন লোকেরা আয়াতখানি তার কাছ থেকে পেলেন। প্রতিটি মানুষকেই তখন ঐ আয়াত তিলাওয়াত করতে শোনা গেল।

# **English**

## Narrated `Aisha:

Abu Bakr came riding his horse from his dwelling place in As-Sunh. He got down from it, entered the Mosque and did not speak with anybody till he came to me and went direct to the Prophet, who was covered with a marked blanket. Abu Bakr uncovered his face. He knelt down and kissed him and then started weeping and said, "My father and my mother be sacrificed for you, O Allah's Prophet! Allah will not combine two deaths on you. You have died the death which was written for you." Narrated Abu Salama from Ibn `Abbas: Abu Bakr came out and `Umar, was addressing the people, and Abu Bakr told him to sit down but `Umar refused. Abu Bakr again told him to sit down but `Umar again refused. Then Abu Bakr recited the Tashah-hud (i.e. none has the right to be worshipped but Allah and Muhammad is Allah's Messenger (繼)) and the people attended to Abu Bakr and left `Umar. Abu Bakr said, "Amma ba'du, whoever amongst you worshipped Muhammad, then Muhammad is dead, but whoever worshipped Allah, Allah is alive and will never die. Allah said: 'Muhammad is no more than an Apostle and indeed (many) Apostles have passed away before him ..(up to the) grateful.' "



(3.144) (The narrator added, "By Allah, it was as if the people never knew that Allah had revealed this verse before till Abu Bakr recited it and then whoever heard it, started reciting it.")

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন